




বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ

ফোন-০২-৭৬১১১২০, ০২-৭৬১২৯৫০

Email: crmmunshigonj@krishibank.org.bd



জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ এর

“নৈতিকতা কমিটি”র সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ এ গঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ১ম সভা আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মো: সাখাওয়াত হোসেন এর সভাপতিত্বে ২৯-০৯-২০২০ ইং সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেনঃ-

- (ক) জনাব মোঃ জিয়া হায়দার খান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ ও সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
- (খ) জনাব রোখসানা আহম্মদ, কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ।
- (গ) জনাব মো: রিজওয়ানুল হক, কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ।
- (ঘ) জনাব মো: এমরান আলী, কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ।

০২। সভাপতি মহোদয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই মর্মে তিনি সভায় শুদ্ধাচার চর্চার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্সয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ এবং ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভা শুরু করেন।

০৩। সভার শুরুতে উপস্থাপনকারী কর্মকর্তা জনাব রোখসানা আহম্মদ সভার আলোচ্যসূচী তুলে ধরেন। যার বিবরণ নিম্নরূপঃ

- ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রনয়ন ও ওয়েব সাইটে আপলোড করন।
- শুদ্ধাচার চর্চার বিষয়ে অধিনস্ত শাখাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ ও করনীয়।
- কম্পিউটারাইজেশনের অগ্রগতি পর্যালোচনা।
- অভিযোগ বাস্তব স্থাপন।
- রপটিন মাফিক শাখা পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন।
- গন শুনানীর আয়োজন।
- বিবিধ।

